<table>
<tr><td>০৪</td><td>সিনিয়র উপজো মৎস্য অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় নিম্নোক্তভাবে তার দাপ্তরিক কার্যক্রম উপস্থাপন করেন:<table><tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের বিবরণ</th><th>সংখ্যা</th></tr><tr><td>০১</td><td>জাটকা সংরক্ষণে অভিযান</td><td>০৪টি</td></tr><tr><td>০২</td><td>মৎস্য চাষীকে পরামর্শ প্রদান</td><td>২০জন</td></tr><tr><td>০৩</td><td>মৎস্য চাষীর খামার পরিদর্শন</td><td>১৬টি</td></tr><tr><td>০৪</td><td>মৎস্য চাষীর পুকুরের পানির গুনাগুণ পরীক্ষা</td><td>১৫টি</td></tr><tr><td>০৫</td><td>মৎস্য হ্যাচারী পরিদর্শন</td><td>০৫টি</td></tr><tr><td>০৬</td><td>মৎস্য চাষির প্রশিক্ষণ</td><td>৪০জন</td></tr></table></td><td>(ক) মৎস্য চাষীদের মাছের রোগবালাই প্রতিরোধে নিয়মিত পরামর্শ প্রদান করতে হবে এবং মৎস্য খামারসমূহ নিয়মিত মনিটরিংসহ দেশীয় প্রজাতির মাছ চাষে চাষিদের উদ্বুদ্ধ করতে হবে।<br>অবৈধ পদ্ধতিতে দেশীয় মাছ শিকাররোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।</td><td>সি: উপজেলা মৎস্য কর্মকর্তা</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট</td><td>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, রমজান উপলক্ষে বর্তমানে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td><td>ছুটি পরবর্তী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার/সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সদর, লালমনিরহাট</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, লালমনিরহাট সদর উপজেলার উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের EFT সংশোধনের কাজ চলমান রয়েছে। মাধ্যমিক পর্যায়ের ৬ষ্ঠ শ্রেণির সকল বিষয় ৭ম শ্রেণির সকল বিষয় ৮ম শ্রেণির সকল বিষয়ের পাঠ্য পুস্তক পাওয়া যায়। ৯ম শ্রেণির ১২টি বিষয়ের পাঠ্য পুস্তক পাওয়া গিয়াছে এবং ১০টি বিষয়ের পাঠ্য পুস্তক পাওয়া যায় নাই। ১০ম শ্রেণির সকল বিষয়ের পাঠ্য পুস্তক পাওয়া গিয়াছে। দাখিল পর্যায়ের ৬ষ্ঠ শ্রেণির থেকে ৮ম শ্রেণি পর্যন্ত সকল বিষয়ের পাঠ্য পুস্তক পাওয়া গিয়াছে। ৯ম শ্রেণির ০৪টি বিষয় ১০ম শ্রেণির ৫টি বিষয়ের পাঠ্য পুস্তক পাওয়া যায় নাই। এবতেদায়ী শাখার ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত সকল বিষয়ের পাঠ্য পুস্তক পাওয়া গিয়াছে। প্রাপ্ত সকল পাঠ্য পুস্তক শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হস্তান্তর করা হয়েছে। বিভিন্ন শ্রেণিতে দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের একাদশ শ্রেণির উপবৃত্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় অনলাইনে আবেদন ৩০/০৩/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত চলবে। এছাড়া দাপ্তরিক অন্যন্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>সরকারি সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত পাঠদান পরিচালনাসহ মনিটরিং জোরদার করতে হবে। শিক্ষার্থীদের ঝড়ে পড়ারোধ কল্পে কার্যকরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। নতুন শিক্ষা বর্ষের অবশিষ্ট বই হাতে আসামাত্রই স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে দ্রুত পৌছানোর ব্যবস্থা গ্রহন করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা।</td></tr>
<tr><td>৭</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়, সদর, লালমনিরহাট</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না।</td><td>আগামী সভায় উপস্থিত থাকতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা প্রকৌশলীর কার্যালয়</td><td>(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি'র) টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তিনি আরো জানান যে, এ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় (ক) উপজেলা পরিষদের পুরাতন সম্প্রসারিত ভবন সংস্কারকরণ এবং (খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের নিরাপত্তা বেস্টনি নির্মাণ প্রকল্প ০২টি স্থানীয় সরকার বিভাগের গত ০৯ মার্চ ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০৩১.১৬-৬৮ নং স্মারকে অনুমোদন পাওয়া গেছে। বর্ণিত প্রকল্প ০২টিও টেন্ডার আহ্বান করা প্রয়োজন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।</td><td>২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প (এডিপি) এবং রাজস্ব উন্নয়ন তহবিল (জিওবি'র) অনুমোদিত প্রকল্পসমূহ এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত (ক) উপজেলা পরিষদের পুরাতন সম্প্রসারিত ভবন সংস্কারকরণ এবং (খ) উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের নিরাপত্তা বেস্টনি নির্মাণ প্রকল্প ০২টির বিধি মোতাবেক টেন্ডার আহ্বানসহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করবে।</td><td>উপজেলা প্রকৌশলী</td></tr>
</table>

